



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
প্লট#ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-
বাংলা নগর, ঢাকা-১২০৭।
স্পেকট্রাম মনিটরিং



নম্বর ১৪.৩২.০০০০.৫০১.৪২.০৩০.১৮.৭৯৫

তারিখ: ১০ শ্রাবণ ১৪৩০

২৫ জুলাই ২০২৩

বিজ্ঞপ্তি

বিষয়: ‘এ্যামেচার রেডিও লাইসেন্স প্রাপ্তি পরীক্ষা – ২০২৩’ এর সার্টিফিকেট বিতরণ প্রসঙ্গে।

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন এর অধীনে বিজ্ঞপ্তি নং – ১৪.৩২.০০০০.৫০০.৩১.০০৩.০৩.০০২.৪৫, তারিখঃ ০৬/০৪/২০২৩ ইং এর আলোকে গত ১২/০৫/২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত ‘এ্যামেচার রেডিও লাইসেন্স প্রাপ্তি পরীক্ষা – ২০২৩’ বিষয়ক লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের অনুকূলে আগামী ৩০/০৭/২০২৩ ইং হতে ১০/০৮/২০২৩ ইং তারিখ পর্যন্ত সার্টিফিকেট বিতরণ করা হবে।

২। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ আগামী ৩০/০৭/২০২৩ ইং হতে ১০/০৮/২০২৩ ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নোক্ত কাগজপত্রাদির মূল এবং ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা বিটিআরসি’র কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০১ (এক) সেট অনুলিপি সহ বিটিআরসি’র প্রধান কার্যালয়ের (ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭) একাদশ ফ্লোরে সশরীরে উপস্থিত হয়ে জনাব মোঃ মেহফুজ বিন খালেদ, উপ-পরিচালক, স্পেকট্রাম বিভাগ এর নিকট হতে যাচাই-বাছাই সাপেক্ষে পরীক্ষায় উত্তীর্ণের সার্টিফিকেট গ্রহণ করতে পারবেন:

- (ক) জাতীয় পরিচয়পত্র/ জন্ম সনদ/ পাসপোর্ট;
- (খ) মাধ্যমিক/ সমমানের পরীক্ষার সনদ সহ অন্যান্য সকল উচ্চতর শিক্ষাগত যোগ্যতার সনদসমূহ;
- (গ) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রজিন ছবি।
- (ঘ) লিখিত পরীক্ষার প্রবেশপত্র।

৩। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ এবং বিটিআরসি হতে সার্টিফিকেট প্রাপ্ত প্রার্থীগণ পরবর্তীতে এ্যামেচার রেডিও লাইসেন্স প্রাপ্তির জন্য প্রচলিত নিয়ম অনুযায়ী আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলেও সার্টিফিকেট গ্রহণ না করা পর্যন্ত কোন প্রার্থী এ্যামেচার রেডিও লাইসেন্সের জন্য বিবেচিত হবেন না।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

২৫-৭-২০২৩

ড. মোঃ সোহেল রানা

পরিচালক

ফোন: +৮৮০ ২ ৯৬১১১১১

ফ্যাক্স: +৮৮০ ২ ৯৫৫৬৬৭৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১ তলা), হোল্ডিং # ৩/এ, ৫/এ, ৭/এ, রোড # ১৭, গুলশান-১, ঢাকা-১২১২ [‘এ্যামেচার রেডিও লাইসেন্স প্রাপ্তি পরীক্ষা – ২০২৩’ এর জন্য প্রস্তুতকৃত অনলাইন পোর্টালে বিষয়টি প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো। একই সাথে উত্তীর্ণ প্রার্থীগণের অনুকূলে “Certificates of 'Amateur Radio License Exam 2023' is ready for collection. Please visit www.btrc.gov.bd for details. - BTRC” এসএমএস’টি প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো]।

২) জনাব মোঃ জাকির হোসেন খান, উপ পরিচালক, মিডিয়া এন্ড পাবলিকেশন্স উইংস, বিটিআরসি [বিষয়টি সামাজিক যোগাযোগ মাধ্যমে বিটিআরসি’র পেইজ সমূহে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো]।

৩) প্রকৌঃ মাহমুদুর রহমান, সিনিয়র সহকারী পরিচালক, আইটি শাখা, বিটিআরসি [বিষয়টি বিটিআরসি’র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো]।

৪) চেয়ারম্যান এর একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), চেয়ারম্যান এর দপ্তর, বিটিআরসি।